

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ২৭, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১১ কার্তিক ১৪২৩ বঙ্গাব্দ/২৬ অক্টোবর ২০১৬ খ্রিস্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.১৫.২৫৪—থাইল্যান্ডের রাজা এবং বাংলাদেশের শুবানুধ্যায়ী মহামান্য ভূমিবল আদুলাদেজ গত ১৩ অক্টোবর ২০১৬ তারিখে মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৮ বছর।

২। এশিয়ার এ প্রাজ্ঞ নেতার মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করে এবং থাইল্যান্ড রাজপরিবারের সদস্য ও জনগণের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ০৯ কার্তিক ১৪২৩/২৪ অক্টোবর ২০১৬ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ শফিউল আলম

মন্ত্রিপরিষদ সচিব

(১৫৪৮৫)

মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার শোকপ্রস্তাব

০৯ কার্তিক ১৪২৩
ঢাকা: -----
২৪ অক্টোবর ২০১৬

থাইল্যান্ডের রাজা এবং বাংলাদেশের শুবানুধ্যায়ী মহামান্য ভুমিবল আদুলাদেজ গত ১৩ অক্টোবর ২০১৬ তারিখে মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৮ বছর।

মহামান্য ভুমিবল আদুলাদেজ ০৫ ডিসেম্বর ১৯২৭ তারিখে যুক্তরাষ্ট্রের ম্যাসাচুসেটস অঙ্গরাজ্যে জন্মগ্রহণ করেন। তাঁর বড় ভাই রাজা আনন্দ মাহিদল-এর মৃত্যুর পর মাত্র ১৮ বছর বয়সে ৯ জুন ১৯৪৬ তারিখে তিনি থাইল্যান্ডের রাজা হিসেবে অভিষিক্ত হন। ১৯৪৬ থেকে ২০১৬ সাল পর্যন্ত সুদীর্ঘ ৭০ বছর মহামান্য রাজা ভুমিবল সাফল্যের সঙ্গে থাইল্যান্ডের নেতৃত্ব প্রদান করে গেছেন। থাই জনগণের কাছে তিনি ছিলেন ঐক্য ও সংহতির প্রতীক — জাতির পিতা। তিনি তাঁর কল্যাণধর্মী শাসনকার্যের মধ্য দিয়ে থাই জনগণের নিকট দেবতুল্য সম্মান অর্জন করেন। জনমানুষের জীবনমান উন্নয়নে তাঁর ছিল নিরন্তর প্রয়াস। মানবিক সুশাস্ত্র আবেগ ও মানবতাবোধের সমন্বয় মহামান্য রাজা ভুমিবলকে থাই জনগণের হৃদয়ে স্থান করে দিয়েছে একজন মানবতাবাদী ও দরিদ্রবান্ধব নেতা হিসেবে। জাতির ক্রান্তিকালে মহামান্য রাজা ছিলেন থাই জনগণের নির্ভরযোগ্য আশ্রয়স্থল।

বিশ্বের ইতিহাসে দীর্ঘতম সময়ে রাজসিংহাসনে সমাসীন মহামান্য রাজা ভুমিবল আদুলাদেজ ছিলেন বাংলাদেশের একজন শুবানুধ্যায়ী পরম বন্ধু। তাঁর শাসনকালে থাইল্যান্ডের সঙ্গে বাংলাদেশের সম্পর্ক উপর্যুপরি জোরদার হয়েছে। এই মহান ব্যক্তির মৃত্যুতে এশিয়া তথা সমগ্র বিশ্ব এক প্রজ্ঞাবান ও দূরদর্শী নেতাকে হারাল।

মন্ত্রিসভা এশিয়ার এ প্রাজ্ঞ নেতার মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করছে এবং থাইল্যান্ড রাজপরিবারের সদস্য ও জনগণের প্রতি আন্তরিক সমবেদনা জানাচ্ছে।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd